

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

৪৬. ০২০. ০০৪. ০১. ০০. ৩৯১. ২০১৬- ৭৬৫২

তারিখ: ১৭/৭/১৬

বিষয়: রীট পিটিশন নং-৪৩৩৮/২০১৬, বাদী-জনাব জাকারিয়া আহমেদ, গ্রাম-রণকেলী উত্তর, থানা-গোলাপগঞ্জ, জেলা-সিলেট-বনাম-সরকার ও অন্যান্য মামলা সরকার পক্ষে পরিচালনা সংক্রান্ত।

সিলেট জেলাধীন গোলাপগঞ্জ পৌরসভার প্রাক্তন মেয়র জনাব জাকারিয়া আহমেদ (পাপলু) কর্তৃক নব-নির্বাচিত মেয়র এর নিকট দায়িত্বভার হস্তান্তর সংক্রান্ত এ বিভাগের পৌর-১ শাখার গত ৩০-০৩-২০১৬ তারিখের পত্রকে চ্যালেঞ্জ করে বিষয়ে উল্লিখিত ব্যক্তি বাদী হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে ৪৩৩৮/২০১৬নং রীট পিটিশন দায়ের করেন। মাননীয় আদালত উক্ত আদেশ ০১(এক) মাসের জন্য স্থগিতকরতঃ শোকজ প্রদানপূর্বক জবাব প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং বিবাদী হিসেবে গত ১৩-০৪-২০১৬খ্রিঃ তারিখে নোটিশ প্রদান করেন।

০২। এমতাবস্থায়, বর্ণিত রীট পিটিশনে প্রদত্ত স্থগিতাদেশের বিরুদ্ধে সরকার পক্ষে আপীল দায়েরসহ সরকার পক্ষে নিয়োজিত আইনজীবীর পাশাপাশি মামলাটি প্রতিদ্বন্দ্বিতার যাবতীয় কার্যক্রম গ্রহনকরতঃ সময় সময় স্থানীয় সরকার বিভাগের আইন-১ অধিশাখাকে অবহিত করার জন্য বেসরকারি প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো। এতদসঙ্গে মামলার রুল, আরজি ও আনুষ্ঠানিক কাগজপত্রাদি প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ----- ফর্দ।

(মোঃ ইশান আলী রাজা বাঙালী)

উপসচিব

☎ ৯৫৪০৯৯৫

Email:ishanaliraja@gmail.com

জনাব সালাউদ্দিন ইফ্রান্দার (কিং)
বেসরকারি প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০৩। জেলা প্রশাসক, সিলেট;
- ০৪। উপসচিব (পৌর-১ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৫। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৬। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা;
- ০৮। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
- ০৯। সহকারী প্রোগ্রামার (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।